দৈনিক
ইনকিলাব

11 AUG 2011
তারিখ ... 11 AUG 2011 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ....

মেডিকেল ও ডেন্টাল কলেজে

# ভর্তি নীতিমালা কেন অবৈধ ও বাতিল ঘোষণা করা হবে না হাইকোর্টের রুল

□ স্টাফ রিপোর্টার : মেডিকেল ও ডেন্টাল কলেজের এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০১১ কেন অবৈধ ও বাতিল ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আইনজীবী ইউনুস আলী আকন্দের এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গতকাল বুধবার বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি এবিএম আলতাফ হোসেনের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। ৪ সপ্তাহের মধ্যে স্বাস্থ্য সচিব, শিক্ষা সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালক, পৃঃ ৫ কঃ ১

## মেডিকেল ও ডেন্টাল কলেজ

প্রথম পৃষ্ঠার পর

ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বিশ্বজিৎ রায়। অপরদিকে ইউনুস আলী নিজের পক্ষে শুনানি করেন। ইউনুস আলী বলেন, আইন লঙ্ঘন করে মেডিকেল ও ডেন্টাল কলেজসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০১১ করা হয়।